



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প(সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
[www.irespw-brdb.gov.bd](http://www.irespw-brdb.gov.bd)


স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭১৯.১৪- ৬০০৬

তারিখঃ ০৮/০৩/২০১৬ খ্রিঃ

জনাব অমিত কুমার মন্ডল  
মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি  
উপজেলাঃ পাইকগাছা, জেলাঃ খুলনা।

বিষয়ঃ সাময়িক বরখাস্ত।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পের বিগত ০৭/০৩/২০১৬ তারিখ পর্যন্ত কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় আপনার কর্তৃক বিতরণকৃত টাকার মধ্যে সর্বমোট ৮,৩৫,১৭৯/- (আট লক্ষ পয়ত্রিশ হাজার একশত উনাশি) টাকা মেয়াদোত্তীর্ণ হয়েছে। এতে প্রতীয়মান হয় যে, সদস্য অন্তর্ভুক্তি হতে ঋণ বিতরণ ও আদায়সহ যাবতীয় কার্যাদির ক্ষেত্রে প্রকল্পের কোন নিয়ম মানা হয়নি। মাঠ সংগঠক হিসেবে আপনার দায়িত্ব ছিল নিয়মিত সমিতি পরিদর্শনসহ ঋণের কিস্তির অর্থ আদায় করা; কিন্তু আপনি তা না করায় সরকারের বিপুল পরিমাণ অর্থ মেয়াদোত্তীর্ণ হয়েছে যা আপনার কর্তব্য কাজে অদক্ষতা, গাফিলতী, অনীহা এবং সরকারী দায়িত্ব পালনে ব্যর্থতা হিসেবে গণ্য করে আপনাকে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করে উক্ত উপজেলাতে সংযুক্ত করা হলো। বরখাস্ত কালীন সময়ে আপনি পাইকগাছা উপজেলায় সংযুক্ত থেকে আগামী ০৩ (তিন) মাসের মধ্যে উল্লেখিত মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায় নিশ্চিত করবেন। ব্যর্থতায় নিয়োগ পত্রের শর্ত মোতাবেক কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে প্রকল্পের চাকুরী হতে আপনাকে সরাসরি স্থায়ীভাবে বরখাস্ত করা হবে। উল্লেখ্য, বরখাস্ত কালীন সময়ে আপনি নিয়ম মোতাবেক খোরাকী ভাতা পাইকগাছা উপজেলা হতে প্রাপ্য হবেন।

  
প্রকৌশলী মোহাম্মদ শাহিদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৪  
তারিখঃ ০৮/০৩/২০১৬ খ্রিঃ

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭১৯.১৪- ৬০০৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ পাইকগাছা, জেলাঃ খুলনা।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ পাইকগাছা, জেলাঃ খুলনা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. উপপরিচালক, বিআরডিবি, খুলনা।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

  
মোঃ শাহজাহান  
উপ প্রকল্প পরিচালক (প্রশাঃ)  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৩